দৈনিক বাংলা

তারিখ ... 08 JAN 1990 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 8 ...

০৫

# ঢাকা ভার্সিটি অনার্সে সাড়ে তিন হাজার আসনে ৪০ হাজার প্রার্থী

(...লয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির জন্য এবার ৩৯ হাজার ৬৬২ জন ছাত্র-ছাত্রী আবেদন করেছেন। বিশ্ববিদ্যালয়ের ৪০টি বিভাগে ১ম বর্ষ সম্মান শ্রেণীর মোট আসন সংখ্যা হচ্ছে, ৩ হাজার ৫৪২ টি। অর্থাৎ প্রতিটি আসনের জন্য এবার প্রায় ১১ জন করে ছাত্র-ছাত্রী ভর্তি যুদ্ধে অবতীর্ণ হচ্ছেন।

গতকাল ছিল ভর্তির আবেদনপত্র নেয়া ও জমা দেয়ার শেষ দিন। এবার জনতা ব্যাংকের টিএসসি, ঢাকা কলেজ গেট ও এলিফ্যান্ট রোড শাখা হতে ভর্তির আবেদনপত্র বিক্রী করা হয়। আবেদনপত্র জমা দেয়ার শেষ দিনে গতকাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন অফিসে প্রচন্ড ভিড় দেখাযায়।

'ক' (বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদ); 'খ' (কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদ) 'গ' (বাণিজ্য অনুষদ) এবং 'ঘ' (গ্রুপ পরিবর্তন) এ ৪টি ইউনিটের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হয়। এবার 'ক' ইউনিটের ৯৮০ টি আসনের জন্য আবেদন করেছেন ১৩ হাজার ৪৫৬

( শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ )

## ৪০ হাজার প্রার্থী

( প্রথম পৃঃ পর )

জন ছাত্র-ছাত্রী। অর্থাৎ প্রতিটি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছেন প্রায় ১৪ জন ছাত্র-ছাত্রী। 'খ' ইউনিটের প্রায় ১৪০০ আসনে ভর্তির জন্য আবেদন করেছেন ৮ হাজার ৭০০ জন ছাত্র-ছাত্রী। এই ইউনিটে প্রতিদ্বন্দ্বিতা অন্যান্য ইউনিটের তুলনায় কম। প্রতি আসনে প্রায় ৬ জন করে। 'গ' ইউনিটের প্রায় ৫০৩ আসনের জন্য আবেদন পত্র জমা পড়েছে ৪ হাজার ৮৭০ টি। প্রতি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছেন ৯ জন করে ছাত্র-ছাত্রী। সবচেয়ে তীব্র প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে 'ঘ' ইউনিটে। এই ইউনিটের ৬৫০টি আসনের জন্য আবেদন করেছেন ১২ হাজার ২৪০ জন ছাত্র-ছাত্রী। অর্থাৎ প্রতি আসনের জন্য প্রায় ২০ জন ছাত্র-ছাত্রী প্রতিদ্বন্দ্বিতা করবেন।

## ২০ লক্ষ টাকার ফর্ম বিক্রী

গতকাল দুপুর ২টা পর্যন্ত জনতা ব্যাংকের তিনটি শাখা হতে ভর্তি ফর্ম বিক্রী হয়েছে মোট ৩৯ হাজার ৬৬২টি। প্রতিটি ফর্মের মুল্য ছিল ৫০ টাকা। সে হিসেবে প্রায় ২০ লক্ষ টাকার ভর্তি ফর্ম বিক্রী হয়েছে।

ভর্তি ফর্মের পাশাপাশি বিভিন্ন ব্যাংকের সামনে ভর্তি গাইডও বিক্রী হয়েছে প্রচুর। এসব ভর্তি গাইডের প্রতিটির দাম ছিল ৫০ থেকে ৬০ টাকার মধ্যে। গত বছরের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র বিক্রী হয় প্রতি সেট ১০ টাকা করে।